

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম  
আইসিটি শাখা  
www.chittagongdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.০০০০.০০০.৩৫.০০২.১৮.১২৪

তারিখ: ১২ পৌষ ১৪২৬

২৬ ডিসেম্বর ২০১৯

বিষয়: তথ্য বাতায়নে/ওয়েব পোর্টালে তথ্য আপলোড/নিয়মিত হালনাগাদকরণ সংক্রান্ত

বিভাগাধীন জেলা ও উপজেলা প্রশাসনসহ বিভিন্ন দপ্তরের তথ্য বাতায়ন পর্যালোচনায় দেখা যায়, আপনার কার্যালয় ও আওতাধীন দপ্তরে কর্মরত কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী ও সংশ্লিষ্ট শাখার তথ্য আপডেট করা হয়নি। বেশীরভাগ ক্ষেত্রে শুদ্ধাচার কর্মপরিকল্পনা, হালনাগাদ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সিটিজেন চার্টার ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে আপলোড করা হয়নি। এছাড়া কিছু কিছু ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক 'তথ্য অধিকার' শীর্ষক সেবা বন্ধ তৈরী করা হয়নি। আবার কিছু কিছু ক্ষেত্রে সেবা বন্ধ থাকলেও এতে তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম, পদবি, টেলিফোন নং, ই-মেইল আইডিসহ তালিকা হালনাগাদ নয়।

এমতাবস্থায়, জেলা/উপজেলা প্রশাসনসহ বিভিন্ন দপ্তরের তথ্য বাতায়নে বর্ণিত অসঙ্গতিসমূহ দূর করার লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্র অনুযায়ী প্রয়োজনীয় তথ্য আপলোড এবং ইতোমধ্যে আপলোডকৃত তথ্য নিয়মিত হালনাগাদ করাসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৭-১২-২০১৯

মোঃ আবু রায়হান  
সহকারী কমিশনার

জেলা প্রশাসক, নোয়াখালী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী  
আইসিটি শাখা  
www.noakhali.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০২৬.১৮.৩৪৪

তারিখ: ১৫ পৌষ ১৪২৬

৩০ ডিসেম্বর ২০১৯

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক তথ্য বাতায়ন (Web Portal) জরুরি ভিত্তিতে হালনাগাদ করাসহ ডাইনামিক লিংকসমূহে নিয়মিত হালনাগাদ তথ্য আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



৩০-১২-২০১৯

সৈকত রায়হান  
সহকারী কমিশনার

ফোন: +৮৮০১৭৩২-৯৩৪০৩৪

১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী

২) অফিস প্রধান, জেলা কার্যালয় (সকল), নোয়াখালী

৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী

ইমেইল: acictnoakhali@mopa.gov.bd

- ৪) সহকারী প্রোগ্রামার (সকল), নোয়াখালী  
৫) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), নোয়াখালী

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.৪১.০২৬.১৮.৩৪৪/১

তারিখ: ১৫ পৌষ ১৪২৬  
৩০ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতির নিমিত্ত প্রেরণ করা হলো:

- ১) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম  
২) জেলা প্রশাসক, নোয়াখালী  
৩) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, নোয়াখালী  
৪) অফিস নথি



৩০-১২-২০১৯

সৈকত রায়হান  
সহকারী কমিশনার